**বাংলাদেশ ব্যাংক**
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
**বাংলাদেশ**

**সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**

তারিখ: ১১ মে ২০২৬
২৮ বৈশাখ ১৪৩৩

এসএফডি সার্কুলার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**গ্রামীণ এবং স্থানীয় শিল্পখাতের জন্য Green Transformation Fund হতে**
**পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান প্রসংগে।**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক দেশে পরিবেশবান্ধব ও টেকসই অর্থনীতি প্রতিষ্ঠাকল্পে রপ্তানি এবং উৎপাদনমুখী শিল্পখাতে টেকসই প্রবৃদ্ধি তরান্বিত করার জন্য ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার (আবর্তনশীল) গ্রিন ট্রান্সফর্মেশন ফান্ড (GTF) গঠন করা হয়। এ তহবিল হতে যোগ্য গ্রাহকদের মূলধনী যন্ত্রাদি ও যন্ত্রাংশের আমদানিমূল্য পরিশোধ পরবর্তী ব্যাংকের অর্থায়নের বিপরীতে দেশীয় মুদ্রায় (টাকা) পুনঃ অর্থায়ন সুবিধা বিদ্যমান রয়েছে। রপ্তানি এবং উৎপাদনমুখী শিল্পখাতে টেকসই প্রবৃদ্ধি নিশ্চিতের সাথে সাথে গ্রামীণ এবং স্থানীয় শিল্পের Sustainability নিশ্চিত করা প্রয়োজন। এ লক্ষ্যে উক্ত ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকা হতে ১০০০ (এক হাজার) কোটি টাকা কেবলমাত্র গ্রামীণ ও স্থানীয় শিল্পে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্ত নীতিমালা নিম্নরূপ:

১. **তহবিলের আকার:** ১০০০ (এক হাজার) কোটি টাকা (আবর্তনশীল)।
২. **তহবিলের উৎস:** বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস।
৩. **পুনঃ অর্থায়ন সুবিধার মেয়াদকাল:** ২-৫ বছর (প্রকল্পের ধরন অনুযায়ী)।
৪. **তহবিল গঠনের উদ্দেশ্য:** নিম্নলিখিত উদ্যোগসমূহের আওতায় গ্রামীণ এবং স্থানীয় শিল্পখাতে প্রচলিত/পরিবেশবান্ধব মূলধনী যন্ত্রাদি ও যন্ত্রাংশের ক্রয় সহজীকরণ:
   ক. নবায়নযোগ্য শক্তি (Renewable energy);
   খ. শক্তি দক্ষতা (Energy efficiency);
   গ. পানি সংরক্ষণ ও ব্যবস্থাপনা (Water conservation and management);
   ঘ. বর্জ্য ব্যবস্থাপনা (Waste management);
   ঙ. সম্পদ ব্যবহারে দক্ষতা ও পুনর্ব্যবহার (Resource efficiency and recycling);
   চ. কর্ম পরিবেশ উন্নয়ন উদ্যোগ (Work environment improvement initiatives);
   ছ. সময় সময় বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত অন্যান্য ক্ষেত্র (Other areas as indicated by Bangladesh Bank from time to time)।

৫. **অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (Participating Financial Institution-PFI):** এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য আগ্রহী ব্যাংকসমূহকে বাংলাদেশ ব্যাংকের (পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা) সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement-PA) সম্পাদন করতে হবে। এ অংশগ্রহণ চুক্তিতে আবদ্ধ ব্যাংকসমূহ Participating Financial Institution বা PFI হিসেবে গণ্য হবে। এ তহবিলের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে বর্ণিত নির্দেশনাসমূহ PFI-কে পরিপালন করতে হবে। তবে ইতমধ্যে Green


ফোনঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপিঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd

Transformation Fund-এর অংশগ্রহণ চুক্তি (Participation Agreement-PA) সম্পাদনকারী ব্যাংকসমূহের নতুন চুক্তি সম্পাদনের প্রয়োজন নেই।

**৬. সুদ/মুনাফার-হার কাঠামো:**

৬.১) বাংলাদেশ ব্যাংক কর্তৃক PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার ১% এবং

৬.২) গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৫%।

**৭.পুনঃ অর্থায়ন সুবিধার ধরন:** মেয়াদী ঋণ/বিনিয়োগ (Term loan/investment) অথবা চলতি ও মেয়াদী ঋণের সমন্বয় (Product Mix)।

**৮.গ্রেস পিরিয়ড:** PFI ও গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রেস পিরিয়ড হবে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস।

**৯. গ্রাহক পর্যায়ে পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির যোগ্যতা:**

৯.১) ৪ নং অনুচ্ছেদে বর্ণিত উদ্যোগসমূহের আওতায় প্রচলিত/পরিবেশবান্ধব মূলধনী যন্ত্রাদি ও যন্ত্রাংশের আমদানিমূল্য পরিশোধ পরবর্তী ব্যাংকের অর্থায়ন অথবা স্থানীয়ভাবে উৎপাদিত যন্ত্রাদি ও যন্ত্রাংশ ক্রয় করার বিপরীতে এ তহবিল হতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে;

৯.২) এ তহবিলের আওতায় একজন ঋণ গ্রহিতার ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত হবে মোট আমদানি/ক্রয়মূল্যের সর্বোচ্চ ৮০ ঃ ২০। তবে কোন একক ঋণগ্রহিতা এ তহবিলের আওতায় কোনভাবেই ৫.০০(পাঁচ) কোটি টাকার অধিক ঋণ সুবিধা প্রাপ্য হবে না;

৯.৩) এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের মোট ব্যবহৃত বিদ্যুতের ন্যূনতম দশ শতাংশ(১০%) নবায়নযোগ্য জ্বালানী হতে সংগৃহীত হতে হবে।

৯.৪) খেলাপী ঋণগ্রহিতাগণ পুনঃ অর্থায়ন সুবিধার জন্য বিবেচ্য হবে না। PFI কর্তৃক পুনঃ অর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের হালনাগাদ CIB রিপোর্ট সংগ্রহ এবং গ্রাহক ঋণ খেলাপী নয় মর্মে নিশ্চিত হতে হবে এবং

৯.৫) যথাযথ due diligence সম্পন্ন করতে হবে।

**১০. PFI পর্যায়ে পুনঃ অর্থায়ন প্রাপ্তির যোগ্যতা:**

১০.১) সকল রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক আলোচ্য পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় ঋণ প্রদান করতে পারবে;

১০.২) বেসরকারী এবং বিদেশী ব্যাংকসমূহের ক্ষেত্রে শ্রেণিকৃত ঋণ/বিনিয়োগ (Classified Loan) এর হার ২০% এর কম হতে হবে;

১০.৩) একক গ্রাহক বা গোষ্ঠীর ক্ষেত্রে ঋণ/বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ সীমা সংক্রান্ত ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর নির্দেশনাসহ বাংলাদেশ ব্যাংকের জারিকৃত বিআরপিডি সার্কুলার নং:১/২০২২-এ বর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে এবং

১০.৪) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় জারিকৃত ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল নীতিমালার পরিপালন নিশ্চিত করতে হবে।

**১১. শিডিউল অব চার্জেস:**

এ পুনঃ অর্থায়ন তহবিলের আওতায় প্রদত্ত ঋণের বিপরীতে ফি/চার্জ নির্ধারণের ক্ষেত্রে "সিডিউল অব চার্জেস" সংক্রান্ত বিষয়ে তফসিলি ব্যাংকসমূহের জন্য বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ১০ জুন ২০২১ তারিখে জারিকৃত সার্কুলারে বর্ণিত নির্দেশনাসহ সময় সময় জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনা প্রযোজ্য হবে।

**১২. দালিলিক চেকলিস্ট:**

১২.১) বাংলাদেশ ব্যাংকের নিকট পুনঃ অর্থায়নের জন্য আবেদনকালে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে:

ক. পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ গ্রহণ বিষয়ে গ্রাহকের পত্র;

খ. গ্রাহকের হালনাগাদ CIB রিপোর্ট;



ফোনঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপিঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd

গ. এ তহবিল হতে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণের নিমিত্ত গ্রাহকের অনুকূলে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের মঞ্জুরীপত্রের কপি;

ঘ. গ্রাহক ও সংশ্লিষ্ট প্রকল্পের প্রোফাইল;

ঙ. ঋণ/বিনিয়োগ হিসাবের হালনাগাদ বিবরণী এবং

১২.২) পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে পুনঃ অর্থায়ন অনুমোদনের পর PFI কর্তৃক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত Demand Promissory Note, Letter of Continuity এবং Letter of Debit Authority দাখিল করতে হবে।

**১৩. পুনঃ অর্থায়নের আবেদন প্রক্রিয়া:**

১৩.১) PFI কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা তাঁর মনোনীত এক স্তর নিচের কর্মকর্তার স্বাক্ষরিত আবেদনপত্র এবং ১২ নং অনুচ্ছেদে বর্ণিত দলিলাদি সহকারে পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর দাখিল করতে হবে;

১৩.২) পুনঃ অর্থায়ন সুবিধা অনুমোদনের পূর্বে সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক সংশ্লিষ্ট প্রকল্প প্রাক-পরিদর্শন করা হবে। উক্ত পরিদর্শন প্রতিবেদন, দাখিলকৃত আবেদন ও তদসংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনা সাপেক্ষে পুনঃ অর্থায়ন সুবিধার সীমা নির্ধারণ করা হবে।

**১৪. পুনঃ অর্থায়ন আদায় প্রক্রিয়া:**

১৪.১) পুনঃ অর্থায়নকৃত অর্থ ত্রৈমাসিক ভিত্তিতে নির্দিষ্ট পরিশোধসূচি অনুযায়ী PFI হতে আদায়যোগ্য হবে;

১৪.২) পরিশোধসূচি অনুযায়ী নির্ধারিত তারিখে পরিশোধযোগ্য কিস্তি সুদ/মুনাফাসহ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট PFI এর চলতি হিসাব হতে কর্তন করে নেয়া হবে;

১৪.৩) পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণকারী গ্রাহক অনুমোদিত সময়ের কোন মুহূর্তে বিরূপমানে শ্রেণীকৃত হলে সংশ্লিষ্ট PFI-কে অবহিতকরণ ব্যতিরেকে তার চলতি হিসাব হতে অবশিষ্ট আসল এককালীন কর্তন করে নেয়া হবে এবং

১৪.৪) পরিশোধসূচি অনুযায়ী নির্ধারিত তারিখে PFI সমূহকে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত তাদের চলতি হিসাবে পর্যাপ্ত তহবিল/স্থিতি সংরক্ষণ করতে হবে। পুনঃ অর্থায়ন সুবিধার কিস্তি আদায়কালে PFI সমূহের চলতি হিসাবে তহবিল/স্থিতি অপর্যাপ্ততার কারণে বকেয়া/কিস্তি আদায় করা সম্ভব না হলে, আদায়যোগ্য অর্থ পুনঃ অর্থায়নকালে আরোপিত সুদ/মুনাফার হার অপেক্ষা ৩% অধিক হারে অতিরিক্ত সময়ের জন্য সুদ/মুনাফাসহ তহবিল/স্থিতি পর্যাপ্ততা সাপেক্ষে আদায় করা হবে।

**১৫. রিপোর্টিং ও মনিটরিং:**

১৫.১) PFI সমূহকে পুনঃ অর্থায়ন বাবদ গৃহিত অর্থের হালনাগাদ বিবরণী সংযোজিত ছক অনুযায়ী (ত্রৈমাসিক ভিত্তিতে এবং ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ফরওয়ার্ডিং লেটারসহ) ত্রৈমাস অন্তে পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবরে দাখিল করতে হবে। অংশগ্রহণ চুক্তি (PA) সম্পাদনকারী যে সকল PFI পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি তারা শূন্য বিবরণী দাখিল করবে;

১৫.২) পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করার পর PFI কর্তৃক কোনো ভুল তথ্য প্রদান করা হলে অথবা যথাসময়ে ত্রৈমাসিক বিবরণী দাখিল করতে ব্যর্থ হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দিষ্ট হারে জরিমানা আরোপ করা হবে।

**১৬. অন্যান্য শর্তাদি:**

১৬.১) ঋণ/বিনিয়োগ গ্রহিতা নির্বাচন, ঋণ/বিনিয়োগ সুবিধা মঞ্জুর ও বিতরণ, ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট দলিলাদি সম্পাদন, ঋণ/বিনিয়োগের অর্থের সদ্ব্যবহার ও ঋণ/বিনিয়োগ পরবর্তী তদারকির ব্যাপারে ব্যাংকসমূহ তাদের ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা ও সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত ESRM সংশ্লিষ্ট সার্কুলারের (এসএফডি সার্কুলার নং:০৩, তারিখ: ২৬ জুন ২০২২) নির্দেশনা যথাযথভাবে অনুসরণের পাশাপাশি এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধানসমূহের আলোকে নিয়মাচার অনুসরণপূর্বক গ্রাহকের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করবে। বিতরণকৃত ঋণ/বিনিয়োগ

আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ/বিনিয়োগ বিতরণকারী ব্যাংকের উপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের নিকট সংশ্লিষ্ট পুনঃ অর্থায়নকৃত অর্থের কিস্তি পরিশোধের কোন সম্পর্ক থাকবে না;

১৬.২) ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ উপর্যুক্ত শর্তাদির ব্যত্যয় না করে স্বীয় অনুমোদিত বিনিয়োগ পদ্ধতির ভিত্তিতে এ তহবিলের আওতায় গ্রাহককে বিনিয়োগ প্রদান করতে পারবে।

১৭. পুনঃ অর্থায়ন তহবিলের শর্তাদি বিষয়ে যে কোনো সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

১৮. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ সালে সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী লিয়াকত আলী)
পরিচালক(এসএফডি)
ফোন নং: ৯৫৩০৩২০
ই-মেইল: chowdhury.ali@bb.org.bd

Quarterly Report on Refinance/Loans Disbursed under GTF for Rural and Local Entrepreneurs

as on ...................................

| Sl. No. | Name of the Borrower | Type of Business | Sanction Date | Sanctioned Amount | Disbursed Amount | Outstanding Amount as of........... | Overdue Installment Amount | Recovery during the Quarter | Cumulative Recovery as of ........... | Classification Status |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |



ফোনঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপিঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd